গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ ১জি-১০/৯৯- তারিখ ঃ

প্রেরক ঃ মোঃ সাবের হোসেন
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

প্রাপক ঃ পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ **২০০০-২০০১ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান প্রসংগে।**

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদ্‌সংগে সংযুক্ত তালিকায় বর্ণিত যথাযথ স্বীকৃতি থাকায় নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট-'গ'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট-'খ'), কলেজ (পরিশিষ্ট-'ক') এবং মাদ্‌রাসাসমূহের (পরিশিষ্ট-'ঘ') স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছে ঃ

**শর্তাবলী ঃ**

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শূন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে।

(গ) ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ (এক) বছরের জন্য এমপিওভুক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এমপিওভুক্তি বাতিল করা হবে।

(ঙ) ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা (সংযুক্তি-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি ব্যানবেইসে ১০/০৪/২০০১ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এমপিওভুক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

২। ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির জন্য সরকারি আদেশ ০১/০৪/২০০১ থেকে কার্যকর হবে।

৩। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০০-২০০১ অর্থ বছরের ০০১৩-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

( মোঃ সাবের হোসেন )
সিনিয়র সহকারী সচিব

ঃ ক্রমশঃ

নং-শাঃ ১জি-১৬/৯৯-2000 - শিক্ষা তারিখ ঃ 28/6

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত তালিকায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানকে এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে আগামী ...................... তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৪। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

৫। জেলা প্রশাসক ...................................................................... (সকল)

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

৭। সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮। জেলা শিক্ষা অফিসার ...................................................................( সকল)
তাঁর জেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে স্ব-উদ্যোগে অবহিত করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী কাগজপত্র পরিচালক, ব্যানবেইস বরাবর বিশেষ বাহক মারফত ১০/০৪/২০০১ এর মধ্যে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



অধ্যক্ষ/অধ্যক্ষা, প্রধান শিক্ষক/শিক্ষিকা/সুপার ...................................................................
...................................................................

এ বিষয়ে 'ঙ' নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫ এর বরাবরে বিশেষ বাহক মারফত ১০/০৪/২০০১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি।

( মোঃ সাবের হোসেন )
সিনিয়র সহকারী সচিব